গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০১.২২-৩৮১

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২**

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) প্রবেশ পর্যায়ে (Entry Level) নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে শিক্ষক হতে আগ্রহী নিবন্ধনধারী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে অনলাইন আবেদন (e-Application) আহবান করা যাচ্ছে:

১। শূন্য পদের বিবরণ :

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরন | পদের ধরন | সংখ্যা |
|---|---|---|
| স্কুল ও কলেজ | এমপিও | ৩১,৫০৮ |
| মাদ্রাসা, ব্যবসায় ব্যবস্থাপনা ও কারিগরি প্রতিষ্ঠান | এমপিও | ৩৬,৮৮২ |
| | সর্বমোট | ৬৮,৩৯০ |

২। ৬৮,৩৯০ (আটষট্টি হাজার তিনশত নব্বই) টি শূন্য পদের বিষয় ও পদভিত্তিক তালিকা এনটিআরসিএ এর ওয়েবসাইট (www.ntrca.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট (http://ngi.teletalk.com.bd) এ ২৯/১২/২০২২ খ্রি: তারিখে বেলা ১২.০০ টায় প্রকাশ করা হবে এবং একই তারিখ ও সময়ের পর থেকে আবেদন করা যাবে।

৩। **আবেদনকারীর যোগ্যতা:** আবশ্যিক ভাবে আবেদনকারীকে নিম্নরূপ যোগ্যতা সম্পন্ন হতে হবে।

(ক) সংশ্লিষ্ট বিষয়, পদ ও প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী নিবন্ধনধারী হতে হবে;

(খ) এনটিআরসিএ কর্তৃক প্রকাশিত সম্মিলিত মেধা তালিকার অন্তর্ভুক্ত থাকতে হবে;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে;
(কাম্য শিক্ষা যোগ্যতার বিবরণ দেখার জন্য NTRCA-এর ওয়েবসাইটের **"চতুর্থ গণবিজ্ঞপ্তি"** নামক সেবা বক্সে Click করতে হবে)

৪। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রার্থীকে আবশ্যিকভাবে কেবলমাত্র তার শিক্ষক নিবন্ধন সনদে উল্লিখিত **বিষয় সংশ্লিষ্ট পদ ও শিক্ষা প্রতিষ্ঠানে** আবেদন করতে হবে। আবেদনকারী মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে আবেদন করলে এবং তদানুযায়ী নিয়োগ সুপারিশ প্রাপ্ত হলে উক্ত সুপারিশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। **আবেদনকারীর বয়স:** প্রার্থীর বয়স ২৫ মার্চ ২০২০ খ্রি: তারিখে ৩৫ বছর বা তার কম হতে হবে।

৬। প্রত্যেক আবেদনকারী নিবন্ধন সনদ অনুযায়ী একই পর্যায়ে (স্কুল/কলেজ) একটি মাত্র আবেদন করতে পারবেন। একজন প্রার্থী শূন্য পদের তালিকা থেকে তার আবেদনে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) টি শিক্ষা প্রতিষ্ঠানের Choice (পছন্দ) দিতে পারবেন। উক্ত পছন্দ প্রদানের পর কোন প্রার্থী যদি তার Choice বহির্ভূত দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরি করতে ইচ্ছুক হন তবে তাকে e-Application ফরমে প্রদর্শিত Other Option নামক বক্সে Yes Click করতে হবে। যদি ইচ্ছুক না হন তবে No Click করতে হবে।

৭। প্রার্থীর আবেদনে বর্ণিত Choice এর প্রেক্ষিতে প্রার্থীর মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে ফলাফল Process করা হবে। যদি কোন প্রার্থী তার Choice অনুযায়ী কোন প্রতিষ্ঠানে নির্বাচিত না হন এবং তিনি যদি Other Option এ Yes Click করেন সেক্ষেত্রে শূন্য পদ থাকা সাপেক্ষে প্রার্থীর মেধাক্রম বিবেচনা করে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচনের নিমিত্ত ফলাফল Process করা হবে।

৮। প্রতিষ্ঠান choice প্রদানের ক্ষেত্রে সর্তকতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো। যে সকল প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শূন্যপদের বিপরীতে কাম্য সংখ্যক শিক্ষার্থী নেই যে সকল প্রতিষ্ঠানের এমপিও পরর্বতীতে /ভবিষ্যতে বাতিল হতে পারে বিধায় বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত যে সকল এমপিওভুক্ত প্রতিষ্ঠান শূন্য পদের বিপরীতে কাম্য সংখ্যক শিক্ষার্থী নেই সে সকল পদে পরবর্তীতে/ভবিষ্যতে নিয়োগ সুপারিশ প্রদান করা যাবে না।

৯। কোন প্রার্থীর যদি স্কুল ও কলেজ উভয় পর্যায়ের সনদ থাকে এবং তিনি যদি উভয় পর্যায়ের পদে আবেদন করেন তবে প্রথমে তাকে কলেজ পর্যায়ে বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে নির্বাচিত না হলে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে নির্বাচিত হলে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে না।

১০। সকল আবেদনের জন্য আবেদনকারীকে নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা ফি প্রদান করতে হবে। নির্ধারিত ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হবে।

১১। **আবেদন ফি প্রদানের তারিখ ও সময়:** (ক) e-Application পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময় ২৯/১২/২০২২ খ্রি: বেলা ১২.০০ ঘটিকা।

(খ) e-Application জমা প্রদানের শেষ তারিখ ও সময় ২৯/০১/২০২৩ খ্রি: রাত ১২.০০ ঘটিকা। উক্ত তারিখ রাত ১২.০০ ঘটিকা থেকে শুধু Application ID প্রাপ্ত প্রার্থীগণ পরবতী ৭২ ঘন্টার মধ্যে অর্থাৎ ০১/০২/২০২৩ খ্রি: তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।

(গ) অনলাইনে আবেদন ও ফি দেয়া সংক্রান্ত নিয়ম টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং এনটিআরসিএ এর www.ntrca.gov.bd ওয়েবসাইটে স্বতন্ত্রভাবে প্রদর্শন করা হয়েছে। আবেদন এবং ফি দেয়ার নিয়মের বিষয়ে ভিডিও টিউটোরিয়াল নমুনা (ডেমো) টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http:// ngi.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১৭.১৯-২৯৮ তাং ১৪/১১/২০২২ খ্রি: মূলে জারিকৃত পরিপত্রের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ খ্রি: তারিখের (স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)- ১০৮১ মূলে) জারিকৃত শিক্ষক নিয়োগ সংক্রান্ত পরিপত্রের ০৭ নং অনুচ্ছেদের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করায় কর্মরত শিক্ষকদের (এমপিওভুক্ত) আবেদন করার সুযোগ নেই। তবে স্কুল পর্যায়ে যদি কোন নিবন্ধন সনদধারী (এমপিওভুক্ত) প্রাপ্ত প্রার্থীর কলেজ পর্যায়ের শিক্ষক নিবন্ধন সনদ থাকে এবং তিনি যদি কলেজ পর্যায়ে এমপিওভুক্ত না হন তবে তার শিক্ষক নিবন্ধন সনদে উল্লিখিত কলেজ পর্যায়ের পদে ও প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন। বিপরীতক্রমে কলেজ পর্যায়ে নিবন্ধন সনদ ধারী এমপিওভুক্ত প্রার্থীর যদি স্কুল পর্যায়ের শিক্ষক নিবন্ধন সনদ থাকে এবং তিনি যদি স্কুল পর্যায়ে এমপিওভুক্ত না হন তবে তার নিবন্ধন সনদে উল্লিখিত স্কুল পর্যায়ের পদে ও প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন।

১৩। এমপিওভুক্ত প্রার্থীর একটি পর্যায়ের (স্কুল/কলেজ) একাধিক শিক্ষক নিবন্ধন সনদ থাকলে উক্ত প্রার্থী ঐ পর্যায়ে আবেদন করতে পারবেন না। **যেমন জনাব 'ক' ১০ম এবং ১৫শ' শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সহকারী শিক্ষক পদে নিবন্ধন সনদ অর্জন করেন। তিনি যদি ১০ম শিক্ষক নিবন্ধন সনদের মাধ্যমে নিয়োগ লাভ করে এমপিওভুক্ত হন তবে তিনি ১৫শ' শিক্ষক নিবন্ধন সনদ ব্যবহার করে সহকারী শিক্ষক পদে আবেদন করতে পারবেন না।**

১৪। যদি কোন প্রার্থী কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকরিরত (এমপিওভুক্ত) হওয়া সত্ত্বেও তথ্য গোপন করে আবেদন করে নির্বাচিত হন তবে তার নির্বাচন বাতিল করা হবে এবং তার বিদ্যমান এমপিও বাতিলের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

১৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১২.২ অনুচ্ছেদ, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩.১১.২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১২ (খ) অনুচ্ছেদ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩.১১.২০২০ পর্যন্ত সংশোধিত) এর ২৩.৩ অনুচ্ছেদে কর্মরত (এমপিওভুক্ত) শিক্ষকদের প্রতিষ্ঠান পরিবর্তন/বদলীর জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নীতিমালা প্রণয়নের ব্যবস্থা রাখা হয়েছে।

১৬। মহিলা শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) পদের জন্য শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে পুরুষ প্রার্থীগণের আবেদন গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মিথ্যা তথ্য দিয়ে এ ধরনের প্রতিষ্ঠানে আবেদন করে নির্বাচিত হলে তার নির্বাচন বাতিল করা হবে।

১৭। সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) পদে চাকরি প্রত্যাশী আবেদনকারীকে অবশ্যই সে ধর্মের অনুসারী হতে হবে। মিথ্যা তথ্য দিয়ে আবেদন করলে নির্বাচন বাতিল করা হবে।

১৮। e-Application ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীর নামের বানানসহ অন্যান্য তথ্যাদি নিবন্ধন সনদে বর্ণিত তথ্যের অনুরূপ হতে হবে। নামের বানান নিবন্ধন সনদের অনুরূপ না হলে বা ভুল বানান ব্যবহার করলে কম্পিউটার Processing এ বিভ্রাট ঘটবে যার দায় সংশ্লিষ্ট আবেদনকারীকে বহন করতে হবে।

১৯। যে সকল পদের বিপরীতে 'Female Quota' প্রদর্শিত হবে, সে সকল পদে শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করবেন। অবশিষ্ট সকল পদে পুরুষ-মহিলা উভয় প্রার্থী আবেদন করতে পারবেন।

২০। নিয়োগ আবেদন (e-Application) ফরমটি পূরণের ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে। ফরম পূরণ শেষে একবার আবেদনপত্র Submit হয়ে গেলে তা কোন ভাবেই সংশোধনের সুযোগ থাকবে না।

২১। সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পর এনটিআরসিএ'র পক্ষ থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি SMS প্রেরণ করা হবে। এছাড়া আবেদনকারীকে স্ব-উদ্যোগে দাখিলকৃত আবেদনের (Applicant's copy) একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

২২। প্রাপ্ত আবেদনসমূহ সরকারি বিধি-বিধান অনুসরণ করে Process করা হবে। সমন্বিত জাতীয় মেধা তালিকা থেকে মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচনের পর নির্বাচিত প্রার্থীর প্রাক নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই এর জন্য নিরাপত্তা ভেরিফিকেশন করা হবে। নিরাপত্তা ভেরিফিকেশনের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত ভাবে বাছাই করে নিয়োগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান বরাবর সুপারিশপত্র প্রেরণ করা হবে। নির্বাচিত প্রার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। নিয়োগ সুপারিশে বর্ণিত সময়সীমার মধ্যে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ পত্র প্রদানে ব্যর্থ হয় তবে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী ঐ সকল প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি বাতিল করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত শূন্য পদসমূহের চাহিদা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মাধ্যমে সংগৃহীত হওয়ায় ভুল চাহিদা জনিত কারণে নিয়োগ সুপারিশে কোন জটিলতার জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

২৪। মামলা/আইনগত কোন জটিলতার কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তির কোন পদে নিয়োগ প্রদান সম্ভব না হলে বর্ণিত কারণের জন্য এনটিআরসিএ দায়ী থাকবে না।

২৫। এই গণবিজ্ঞপ্তির যে কোন শর্ত এবং প্রকাশিত বিজ্ঞপ্তি NTRCA যে কোন সময়ে সংযোজন, বিয়োজন ও পরিবর্তন এবং স্থগিতের অধিকার সংরক্ষণ করে।

২১.১২.২০২২

(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোন নং-০২-৪১০৩০০৪৭